

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা।

www.bangladeshbank.org.bd

এফই সার্কুলার নং-১৬

১৯ সেপ্টেম্বর, ২০১০
তারিখ -----
০৪ অক্টোবর, ১৪১৭

বৈদেশিক মুদ্রা লেনদেনকারী
সকল অনুমোদিত ডিলার এবং
লাইসেন্সধারী মানিচেঞ্জার।

প্রিয় মহোদয়গণ,

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ২য় খন্ড সরবরাহ প্রসঙ্গে।

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ১ম খন্ড ইস্যু ও সরবরাহ বিষয়ে জারীকৃত এফ.ই. সার্কুলার নং-০৯, তারিখ ৩০ জুলাই, ২০০৯ এর প্রতি আপনাদের মনোযোগ আকর্ষণ করা যাচ্ছে।

০২। গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ২য় খন্ড (গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ১৯৯৬ এর ২য় খন্ডের হালনাগাদ সংস্করণ) সংশ্লিষ্ট সকলের অনুসরণের জন্য ইস্যু করা হলো। সংস্করণটিতে ৩১ জুলাই ২০১০ পর্যন্ত জারীকৃত এফই সার্কুলারের নির্দেশনাগুলো অন্তর্ভুক্ত করা হয়েছে। অধিকন্তু, যৌক্তিক বিবেচনায় কিছু কিছু Statement/Schedule/Form সংযোজন, বিয়োজন এবং সংশোধন করা হয়েছে।

০৩। সংশোধিত Statement/Schedule/Form মোতাবেক রিটার্ন দাখিলের প্রস্তুতির জন্য কিছুটা সময়ের প্রয়োজন হবে বিধায় অনুমোদিত ডিলার ব্যাংকগুলো আগামী জানুয়ারী ২০১১ হতে অর্থাৎ ডিসেম্বর ২০১০ ভিত্তিক রিটার্ন নতুন সংস্করণে উল্লিখিত ফরম্যাট অনুযায়ী দাখিল করবে। তবে, ডিসেম্বর ২০১০ পর্যন্ত অর্থাৎ নভেম্বর ২০১০ ভিত্তিক মাসিক রিটার্ন বর্তমানে প্রচলিত নিয়মে দাখিল করা অব্যাহত থাকবে।

০৪। ইতোপূর্বে যারা গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স, ২০০৯ এর ১ম খন্ড সংগ্রহ করেছেন তাদেরকে উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে ২য় খন্ডের নতুন সংস্করণের কপি বিনামূল্যে বাংলাদেশ ব্যাংকের বৈদেশিক মুদ্রা নীতি বিভাগের মানব সম্পদ ব্যবস্থাপনা শাখা হতে যথাশীঘ্র সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য যে, সংস্করণটি বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটেও (www.bangladeshbank.org.bd) পাওয়া যাবে।

এ নির্দেশনা বৈদেশিক মুদ্রা নিয়ন্ত্রণ আইন ১৯৪৭ (Act No VII of 1947) এর ২০(৩) ধারা বলে জারী করা হল।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার এবং সংশ্লিষ্ট সকলকে এতদমর্মে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

(মোঃ হুমায়ুন কবির)

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫১২৬০৭

E-mail : fepd.femp2@bb.org.bd